ল-ফলা

নিয়ম - ১

শব্দের প্রথম বর্ণের সাথে ল-ফলা যুক্ত হলে শব্দের উচ্চারণে কোনো পরিবর্তন হবে না।অর্থাৎ ল-ফলা যে বর্ণের সাথে যুক্ত হবে সেই বর্ণ এবং 'ল' বর্ণ টির পূর্ণ উচ্চারণ হবে।

ক্লেশ, ক্লান্ত,

ক্লাস, গ্লানি,

প্লাবন, প্লান,

শ্লোক, শ্লেষ

নিয়ম - ২

ল-ফলা শব্দের মধ্যে বা শেষে থাকলে যে বর্ণের সাথে ল-ফলা যুক্ত হয়েছে সেই বর্ণটি দুইবার উচ্চারিত হবে।

অল্প (অম্ ল্প),

অম্লান (অম্ ম্লান),

বিপ্লব (বিপ্ প্লব),

অক্লান্ত (অক্ ক্লান্ত)

অশ্লীল (অশ্ শ্লীল),

আপ্লুত (আপ্ প্লুত)

নিয়ম - ৩

ল - ফলা " হ" বর্ণের সাথে যুক্ত হলে"ল"বর্ণের উচ্চারণ আগে হবে এবং"হ" বর্ণের উচ্চারণ পরে হবে।

আহ্লাদ (আল্ হাদ),

প্রহ্লাদ (প্রল্ হাদ)